তারিখ 8 JUL 2017
পৃষ্ঠা ৬ কলাম ৭

যুগান্তর

শিক্ষাঋণ সুবিধা বাতিল

# ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে ১৮ রাজ্যের মামলা

**যুগান্তর ডেস্ক**

শিক্ষার্থীদের জন্য শিক্ষাঋণ সুবিধা বাতিলের কারণে ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে মামলা ঠুকে দিয়েছে যুক্তরাষ্ট্রের ১৮টি রাজ্য। সম্প্রতি মার্কিন শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষামন্ত্রী বেটসি ডেভোস ঋণ সুবিধা বাতিলের জন্য একটি রুল জারি করে। ফলে কোরিন্থিয়ান কলেজ ইনকর্পোরেশন ও মুনাফাভিত্তিক অন্য কলেজগুলোর শিক্ষার্থীদের ঋণ সুবিধা বাতিল হয়ে যায়। সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা প্রশাসন ওই শিক্ষাঋণ সুবিধা প্রকল্প চালু করে। চলতি বছরের ১ জুলাই থেকে ওই শিক্ষাঋণ সুবিধা প্রকল্প কার্যকর হওয়ার কথা ছিল। তবে শিক্ষামন্ত্রী ডেভোস শিক্ষাঋণ সুবিধা নতুন করে পর্যালোচনা করার দরকার বলে গত মাসে এটি আটকে দেন। খবর রয়টার্সের।



বেটসি ডেভোস

ওয়াশিংটন ডিসিতে মার্কিন ডিস্ট্রিক্ট কোর্টে মামলা নথিভুক্ত করে ম্যাসাচুসেটস ও কলাম্বিয়া রাজ্যসহ আরও ১৭টি রাজ্য বলেছে, শিক্ষা মন্ত্রণালয় সীমিত বিজ্ঞপ্তি ও মন্তব্যের সুযোগ ছাড়াই শিক্ষাঋণ সুবিধা প্রকল্প আটকে দিয়ে ফেডারেল আইন ভঙ্গ করেছে। ১৮টি রাজ্যের অ্যাটর্নি জেনারেলরা বৃহস্পতিবারের ওই মামলায় স্বাক্ষর করেছে। তারা সবাই ডেমোক্রেটিক দলের অ্যাটর্নি জেনারেল রাজ্যগুলো হল: ক্যালিফোর্নিয়া, কানেক্টিকাট, ডেলাওয়ার, হাওয়াই, ইলিনয়, আইওয়া, মেরিল্যান্ড, মিনেসোতা, নিউ মেক্সিকো, নিউইয়র্ক, নর্থ ক্যারোলিনা, ওরিগন, পেনসিলভেনিয়া, রোধেহ আইল্যান্ড, ভারমন্ট, ভার্জিনিয়া ও ওয়াশিংটন। তাদের অভিযোগ, শিক্ষাঋণ সুবিধা বাতিল করে নতুন একটি ব্যবস্থা চালু করার জন্য বিচারাধীন মামলাকে 'নিছক প্রতারণা' হিসেবে ব্যবহার করছে শিক্ষা মন্ত্রণালয় ও মন্ত্রী ডেভোস। প্রায় ১.৪ ট্রিলিয়ন ডলারের শিক্ষাঋণ সুবিধা প্রকল্প গত বছরের প্রেসিডেন্ট নির্বাচনের প্রচারণায় একটি গরম ইস্যুতে পরিণত হয়। ডেমোক্রেটরা চেয়েছিল ওবামা সংস্কারমূলক পদক্ষেপ সংরক্ষণ করতে। অন্যদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, শিক্ষাঋণের 'ব্যবসা থেকে সরকারকে' বের আসতে হবে।